



## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার নির্দেশিকা

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাচ্চ ও যথাযোগ্য মর্যাদার সাথে দেশে বিদেশে উদযাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লোগো অনুমোদিত হওয়ায় যথোপযুক্তভাবে ব্যবহারের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমষ্টিকের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ নির্দেশিকা জারি করা হলো;

১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।
২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে সুবর্ণজয়ন্তীর লোগোটি ব্যবহার করা যাবে।
৩. মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে সুবর্ণজয়ন্তীর লোগো বামদিকে ব্যবহার করা যাবে।
৪. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাপ্তরিক গাড়ী, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায়, সুবর্ণজয়ন্তী লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নাম্বনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।
৫. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।
৬. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।
৭. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্ৰীতে এই লোগো ব্যবহার করা যাবে।
৮. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।
৯. সিগারেট, অ্যালকোহল, আঘেয়াস্ত্র কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।
১০. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।
১১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাচ্চ ও যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় পর্যায়ে সুস্থুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত ব্যবহার করা যাবে।

প্রধানমন্ত্রী  
ক্ষেত্র বিনিয়ন প্রতিষ্ঠানের  
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী  
ব্যবহার নির্দেশিকা  
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী  
ব্যবহার নির্দেশিকা

স্বাক্ষরিত-২৫/০৩/২০২১  
সচিব  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়